I-2629/12

I-2534/12

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL A 498583

কোবালা দলিল

থানা ঃ বাঁকুড়া মূল্য- ৪,৪০,০০০/- টাকা

Certified that the document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached with document are the part of this document.

Additional District Sub-Registrar Bankura

12/11/2012

**দানপত্র গ্রহীতা** — ১) শ্রীমতী সরমা বরাট, স্বামী শ্রী সুভাষ বরাট ২) শ্রীমতী কৃষ্ণা বরাট স্বামী শ্রী রাজারাম বরাট, সর্ব্ব জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়। সর্ব্ব সাকিম ও পোঃ জুনবেদিয়া, থানা ও জেলা বাঁকুড়া।

পর পৃষ্ঠা ২

Scanned with OKEN Scanner

**কোবালা দাতা ঃ-** শ্রী কালি চরণ বন্দ্যোপাধ্যায় পিতা অরুণ চন্দ্র বন্দ্যোপাধ্যায়, জাতি হিন্দু নাগরিকত্ব ভারতীয়, পেশা বিষয় ভোগী, সাকিম পাঠকপাড়া, বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া।

কস্য খোস কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে বিবরণ এই যে, জেলা, কালেক্টরী, রেজিষ্ট্রি সাব-রেজিষ্ট্রি ও থানা বাঁকুড়া সামীল জুনবেদিয়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ২২৯নং থানাওয়ার জুনবেদিয়া মৌজার বিগত মেজর সেটেলমেন্ট মাপের ১৭২নং খতিয়ানভুক্ত ৪৫১ দাগের ৫.৬৮ একর ভূমি সহ অপরাপর কতক সম্পত্তি আমার পিতামহ হেরম্বনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের রায়ত স্থিতিবান স্বত্বীয় খাস দখলী সম্পত্তি ছিল। হেরম্বনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় উক্ত ১৭২নং খতিয়ানভুক্ত সম্যক সম্পত্তির একক মালিক বা স্বত্বাধিকারী ছিলেন এবং তদানুযায়ী উক্ত খতিয়ান তাঁহার নামে যথাযথভাবে লিপিবদ্ধ ও প্রচারিত হইয়াছিল।

বিগত মেজর সেটেলমেন্ট মাপের দীর্ঘকাল পর হেরম্বনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় তাঁহার একমাত্র পুত্র অর্থাৎ আমার পিতা অরুণচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়কে জীবিত রাখিয়া পরলোক গমন করায় অরুণচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় তৎকালীন প্রচলিত হিন্দু দায়ভাগ শাস্ত্রানুযায়ী পিতার একমাত্র ওয়ারিশ স্বরূপে জুনবেদিয়া মৌজার ৪৫১ দাগের ৫.৬৮ একর ভূমি সহ পিতৃত্যক্ত অপরাপর সকল সম্পত্তি সমূহ ওয়ারিশ সূত্রে একক নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া তথায় স্বত্ববানমতে খাস দখলে দখলীকার ছিলেন এবং তদাবস্থায় ১৯৫৩ সালের পঃ বঙ্গ জমিদারী গ্রহণ আইন প্রবর্ত্তিত হইলে তিনি উক্ত

পর পৃষ্ঠা ৩

আইনের বিধানমত পূর্ব্বোক্ত সম্পত্তি সমূহ যথাযথভাবে রিটেন করিয়া ছিলেন এবং তদানুযায়ী জুনবেদিয়া মৌজার ৪৫১ দাগের ৫.৬৮ একর ভূমি সহ অপরাপর কতক সম্পত্তি বিগত রিভিশান্যাল সেটেলমেন্ট মাপে অরুণ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নামে জুনবেদিয়া মৌজার আর.এস. ১৭২নং খতিয়ানে রায়ত স্থিতিবান স্বত্বে যথাযথভাবে পরিমাপিত হইয়া চূড়ান্ত স্বত্বলিপি প্রচারিত হইয়াছিল।

পূর্ব্বোক্ত সম্পত্তি সমূহে স্বত্ববান মতে দকলীকার থাকাকালীন অরুণ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় তাঁহার পরলোকগত প্রথমা পত্নীর গর্ভজাত তিনপুত্র ও তাঁহার দ্বিতীয়া পত্নী এবং তাঁহার দ্বিতীয়া পত্নীর গর্ভজাত দুই পুত্র এবং শ্রী অসিতবরণ ওর্ফে গৌতম বন্দ্যোপাধ্যায় বরাবর গত ইংরাজী ০২/০৬/১৯৭৬, বাংলা ১৩৮৩ সালের ১৯শা জৈষ্ঠ্য তরিখে সম্পাদিত ও বাঁকুড়ার ডিষ্ট্রিক্ট সাব রেজিস্ট্রার মহোদয়ের অফিসে যথাযথভাবে রেজিষ্ট্রিকৃত ইংরাজী ১৯৭৬ সালের ৬৭২৪নং নিরুপণ পত্র মূলে পূর্ব্বোক্ত ছয়জনাকে তুল্যাংশে দান করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়াছিলেন। নিরুপণপত্র গ্রহীতা ছয়জন জুনবেদিয়া মৌজার ৪৫১ দাগের ৫.৬৮ একর ভূমি সহ নিরুপিত অপরাপর সকল সম্পত্তি প্রত্যেকে ১/৬ অংশ হিসাবে প্রাপ্ত হইয়া স্বত্ববান ও স্বত্ববতী মতে দকলীকার ছিলেন। ১৯৫৫ সনের পঃ বঙ্গ ভূমি সংস্কার অনুযায়ী পূর্ব্বোক্ত ৪৫১ দাগে ও অপরাপর দাগ সমূহে নিজ নিজ অংশ যথাআইন নিজ নিজ সিলিং-এর মধ্যে রাখিয়া রিটেন করিয়াছেন এবং তদাপুযায়ী উক্ত ৪৫১ দাগ সহ অন্যান্য দাগ সমূহ নিজ নিজ নামে যথাক্রমে জুনবেদিয়া মৌজার এল.আর খতিয়ান সমূহে যথাযথভাবে পরিমাপিত হইয়াছে।

পর পৃষ্ঠা ৪

Scanned with OKEN Scanner

অরুণ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জনৈক পুত্র শ্রী অসিতবরণ ওর্ফে গৌতম বন্দ্যোপাধ্যায় পূর্ব্বোক্ত নিরূপণপত্র মূলে তাঁহার প্রাপ্ত জুনবেদিয়া মৌজার ৪৫১ দাগের ও অপরাপর কতক দাগের নিজ ১/৬ অংশ গত ইংরাজী ১/৭/২০০৯ তারিখে সম্পাদিত ও জেলা বাঁকুড়া এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার মহোদয়ের অফিসে ১নং বহির ৬নং সি.ডি. ভল্যুমের ইংরাজী ২০০৯ সালের ০১৫৮২নং রেজিষ্ট্রিকৃত খোস কোবালা মূলে জনৈক শ্রী তারাপদ গরাই, শ্রী দিলীপ গরাই ও শ্রী গৌতম গরাই বরাবর হস্তান্তর করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত্য হইয়াছিলেন। শ্রী তারাপদ গরাই, শ্রী দিলীপ গরাই ও শ্রী গৌতম গরাই পূর্ব্বোক্ত কোবাল মূলে তাঁহাদের একত্রে খরিদা মোট ২.৬২ একর সম্পতি মধ্যে জুনবেদিয়া মৌজার ৪৫১ দাগে তাঁহাদের খরিদা ৯৫ শতক সহ সর্ব্বমোট ২.২৪ একর সম্পত্তি গত ইংরাজী ২০১০ সালের ১৭ই মার্চ, বাংলা ১৪১৬ সালের ২রা চৈত্র তারিখে সম্পাদিত ও ইংরাজী ৩০/৩/২০১০ তারিখে জেলা বাঁকুড়া এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার মহোদয়ের অফিসে ১নং বহির ৪নং সি.ডি. ভল্যুমের ইংরাজী ২০১০ সালের ০১১৫৫নং রেজিষ্ট্রিকৃত খোস কোবালা মূলে আমি ও আমার অপর শরিকগণের বরাবর বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত্য হইয়াছিলেন। এমতে জুনবেদিয়া মৌজার পূর্ব্বোক্ত ৪৫১ দাগের মোট ৫.৬৮ একর সম্পত্তিতে আমি একত্রে ১/৫ অংশে খাস দখলে স্বত্বদখলীকার আছি। যাহা বর্ত্তমান এল.আর. মাপে উক্ত মৌজায় আমার নিজ নামে ৬৪৫/১ নং খতিয়ানে চূড়ান্ত স্বত্বলিপি প্রস্তুত ও প্রচারিত হইয়াছে।

এক্ষণে আমার অন্যত্র লাভজনক সম্পত্তি খরিদ ও নানাবিধ বৈধ কারনে নিম্নের

পর পৃষ্ঠা ৫

তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের বিশেষ আবশ্যক হওয়ায় বিক্রয়ের জন্য ঘোষণা প্রচার করিলে পর আপনারা তাহা অবগত হইয়া খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় পঞ্চজন ভদ্রলোক সাক্ষাতে সর্ব্বোচ্চ উচিত মূল্য ৪,৪০,০০০ টাকা মূল্য স্থির করিয়া স্থিরকৃত মূল্যের বাবদ সম্যক টাকা গ্রহণ করিয়া অদ্য অত্র খোস কোবালা পত্র দলিল দ্বারা নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি আপনাদিগকে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি হইতে আমি মায় স্থলাভিষিক্ত ওয়ারিশান কারীগণক্রমে চিরকালের জন্য নিঃস্বত্ত্ব ও দখলচ্যুত্য হইলাম। বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব সামিত্ব আয় লভ্য পাওনা অধিকারাদি ছিল বা আছে তাহা সম্পূর্ণরূপে লোপ পাইয়া আপনাদের প্রতি অর্পিল ও বর্ত্তিল। অদ্যকার তারিখ হইতে আপনারা বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার ন্যায় যাবতীয় স্বত্বে স্বত্ত্ববান মতে ও সর্বপ্রকার দান বিক্রয় ও হস্তান্তরাদির মালিক ও অধিকারী হইয়া বিক্রীত তপশীল বর্ণিত তড়া বর্ত্তমানে বাস্তুযোগ্য সম্পত্তিতে ইচ্ছামত ভাবে কাঁচাপাকা গৃহাদি নির্মান মতে কূপ খনন পায়খানা খনন জল নিকাশের জন্য ড্রেণ ও ইলেকট্রি ফিকেশন্ প্রস্তুত মতে যাতায়াতী রাস্তার ব্যবহার মতে যদৃচ্ছারে আপনাদের ভোগ দখলের যে রূপ ভাবে সুবিধা হইবে সেই মত ভাবে ব্যবহার করিয়া ও করাইয়া চিরকাল পুত্র পৌত্রাদি মায় স্থলাভিষিক্ত ওয়ারিশান কারীগণক্রমে পরম সুখে ভোগ দখল ও অধিকারাদী করিতে থাকুন। বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তির সনাতি জমা নিম্ন লিখিত মত নিম্ন লিখিত মালিক জমিন বরাবর সন সন বিনা কমি বেশীতে আদায় দিয়া মালিকী জমনি সেরেঁস্তায় আমার নাম খারিজ করিয়া আপনাদের নিজ নিজ নাম পত্তন করাইয়া পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। আমি

পর পৃষ্ঠা ৬

কিংবা আমার ওয়ারিশান কি স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া কি ওজর আপত্য কিছুমাত্র করিতে পারিব না বা পারিবে না করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বকালে ও সর্ব্ব আদালতে বাতিল অগ্রাহ্য নামঞ্জুর বলিয়া গণ্য হইবে। বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় থাকাকালীন আমি আপনাদিগকে বিক্রয় করিয়া দিলাম।

এতদর্থে অত্র দলিলের লিখিত মূল্য বাবদ সম্যক টাকা গ্রহণ করিয়া স্ব-ইচ্ছায় সরল মনে সুস্থ চিত্তে সুস্থ মস্তিষ্কে অন্যের বিনা অনুরোধে আপন খুশীতে নিম্ন সাক্ষীগণের সাক্ষাতে অত্র খোস কোবালা পত্র দলিল সম্পাদন করিলাম। ইতি বাংলা ১৪১৯ সনের ২৩শা কার্ত্তিক, ইংরাজী ২০১২ সালের ৯ই নভেম্বর।

## —ঃ তপশীল ঃ—

জেলা কালেক্টরী রেজিষ্ট্রী সাব রেজিষ্ট্রী ও থানা বাঁকুড়া সামীল জুনবেদিয়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ২২৯ নং থানাওয়ার জুনবেদিয়া মৌজার বিগত মেজর সেটেলমেন্টে ও রিভিজন্যাস সেটেলমেন্টে উভয় মাপের ১৭২ এক শত বাহাত্তর খতিয়ানভুক্ত এবং হাল এল.আর. মাপের ৬৪৫/১ খতিয়ানভুক্ত ৪৫১ চার শত একান্ন দাগে যাহার একবন্দ চৌহুর্দ্দি উত্তরে পাকা রাস্তা, দক্ষিণে ৪৫১নং দাগের জায়গা, পশ্চিমে ৪৫১নং দাগের জায়গা, পূর্ব্বে অদ্যারোজে খরিদা উজ্জ্বলা বরাটের জায়গা হইতেছে। যাহার পরিমাপ সুরৎ একবন্দ যাহা উত্তর সীমায় পূর্ব্ব পশ্চিমে ২৭´-০০´´ ফুট, দক্ষিণ সীমায় পূর্ব্ব পশ্চিমে ১৮´-০০´´ ফুট, পূর্ব্ব সীমায় উত্তর দক্ষিণে ১০০´-৩´´ ফুট, পশ্চিম সীমায় উত্তর দক্ষিণে ১০০´-০০´´

পর পৃষ্ঠা ৭

Scanned with OKEN Scanner

ফুট সারা ২২৫০ বর্গফুট কাৎ ৩ কাঠা ২ ছটাক ০০ বর্গফুট কাৎ ০.০৫২ একর তড়া জমিন যাহা বর্তমানে বাস্তু শ্রেণীর জমি হইতেছে এবং যাহা অত্র দলিলের দাখিলিকৃত একাংশ গণ্য নক্সায় চর্তুদিক লাল রঙের রেখা দ্বারা বেষ্টিত ভূমি হইতেছে। বিক্রীত সম্পত্তি রায়ত স্বত্বীয় খাস দখলী।

বিক্রীত সম্পত্তির হারহারি খাজনা পঃ বঙ্গ রাজ্য সরকার পক্ষে থানা বাঁকুড়া ব্লক-২, বি.এল. এন্ড.এল.আর.ও. মহোদয় বরাবর দেয়।

অত্র দলিলের অতিরিক্ত পৃষ্ঠায় দাতা ও গ্রহীতা প্রত্যেকের পুরা নাম পাসপোর্ট সাইজ ফটো ও পরপর দুই হাতের প্রতিটি আঙুলের টিপছাপ প্রত্যায়িত করা রইল। যাহা মূল দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

**খসড়া প্রস্তুত কারক ঃ-**
Swarupananda Pal.

SWARUPANANDA PAL
(ADVOCATE)
BANKURA DISTRICT COURT
En No.- F2091 / 1975 of 2011

মুদ্রণে ঃ- A. Dutta.
শ্রী অমিতাভ দত্ত
লালবাজার, বাঁকুড়া

ইসাদি ঃ-

শ্রী লক্ষ্মীকান্ত সেনাপতি -
পিতা- ৺ সুমতি চন্দ্র সেনাপতি -
ছাতনা চণ্ডীদাস পল্লী
পোঃ- ছাতনা
জেলা- বাঁকুড়া

শ্রীমতি অন্নপূর্ণা ব্যানার্জী —
স্বামী- শ্রী- কালীচরণ - ব্যানার্জী —
চাঁদমারী ডাঙ্গা -
বাঁকুড়া -

দাখিলকারক ও দাতা ঃ



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম ..... কালিচরন বন্দোপাধ্যায় ..... স্বাক্ষর ..... শ্রী কালিচরণ বন্দোপাধ্যায়



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম ..... শ্রীমতি সরমা বরাট ..... স্বাক্ষর ..... সরমা বরাট



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম ..... শ্রীমতি কৃষ্ণা বরাট ..... স্বাক্ষর ..... কৃষ্ণা বরাট

ফটো

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

দাতা / গ্রহীতা নাম .................................................. স্বাক্ষর ..................................................

Scanned with OKEN Scanner

# ✲ SALE PLAN ✲

MOUZA = **JUNBEDE** , J.L NO = 229.
P.S & DIST = BANKURA .
PLOT NO = 451 (R.S , PART) ,


AREA OF SALE PLOT .
2250 S.ft. OR 3 KA. 2 CH. 0 S.ft OR 0.052 ACRE .


VENDEE :- Smt SARAMA BARAT W/O - SRI SUBHAS BARAT
Smt - KRISHNA BARAT W/O - SRI RAJARAM BARAT

SALE PLOT SHOWN THUS
SCALE 1" = 33'- 0"

SITE PLAN

MOUZA = JUNBEDE ,
J.L.NO = 229 , SCALE 1" = 330'- 0"




VENDOR'S SIGNATURE.

DRAWN BY
(RAHUL BANERJEE , AMIN )
S.L.NO - 204/2011
R.NO - S/11/63897

Scanned with OKEN Scanner

Government Of West Bengal
Office Of the A.D.S.R. BANKURA
District:-Bankura

Endorsement For Deed Number : I - 02534 of 2012
(Serial No. 02629 of 2012)

On

**Payment of Fees:**

**On 09/11/2012**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 17.25 hrs on :09/11/2012, at the Private residence by Sri Kali Charan Bandyopadhyay ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 09/11/2012 by

1 Sri Kali Charan Bandyopadhyay, son of Late Arun Ch. Bandyopadhyay , Pathakpara, Bankura, Thana:-Bankura, P.O. :-Bankura ,District:-Bankura, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Others

Identified By Smt. Annapurna Banerjee, wife ofSri Kali Charan Banerjee, Chandmaridanga, Bankura, Thana:-Bankura, P.O. :-Bankura ,District:-Bankura, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: House wife.

( Chandan Kumar Maity )
ADDITIONAL DISTRICT SUB REGISTRAR

**On 12/11/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 6662.00/-, on 12/11/2012

( Under Article : A(1) = 6655/- ,E = 7/- on 12/11/2012 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-6,05,757/-

Certified that the required stamp duty of this document is Rs.- 30298 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

( Chandan Kumar Maity )
ADDITIONAL DISTRICT SUB REGISTRAR



12 NOV 2012

Scanned with OKEN Scanner

Government Of West Bengal
Office Of the A.D.S.R. BANKURA
District:-Bankura

Endorsement For Deed Number : I - 02534 of 2012
(Serial No. 02629 of 2012)

Deficit stamp duty

Deficit stamp duty Rs. 25300/- is paid, by the Bankers cheque number 806388, Bankers Cheque Date 10/11/2012, Bank Name State Bank of India, Bankura, received on 12/11/2012

( Chandan Kumar Maity )
ADDITIONAL DISTRICT SUB REGISTRAR

( Chandan Kumar Maity )
ADDITIONAL DISTRICT SUB REGISTRAR


12/11/2012 12:16:00

12 NOV 2012



Scanned with OKEN Scanner

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 7
Page from 3151 to 3163
being No 02534 for the year 2012.

Seal of the Additional District Sub Registrar, Bankura, District Bankura

(Chandan Kumar Maity) 12-November-2012
ADDITIONAL DISTRICT SUB REGISTRAR
Office of the A.D.S.R. BANKURA
West Bengal



Scanned with OKEN Scanner